

# আজকাল

২১ নভেম্বর ২০১৩ (নয়)

## হাঁটু প্রতিস্থাপনে নতুন নজির

আজকালের প্রতিবেদন: চিকিৎসার ব্যাপারে কলকাতার মুকুটে আরেকটি পালক যুক্ত হল। বুধবার থেকে বেলভিউ ক্লিনিকে 'অর্থো পাইলট' যন্ত্রের সাহায্যে নকল হাঁটু প্রতিস্থাপনের কাজ শুরু হল। এর ফলে অস্থি শল্য চিকিৎসার দিনই রোগী হাঁটতে পারবেন। দ্বিতীয় দিনেই সিঁড়ি ভাঙতে পারবেন। বুধবার বিভাগীয় প্রধান ডাক্তার সন্তোষ কুমারের তত্ত্বাবধানে তিনজনের হাঁটু প্রতিস্থাপন হয়, যাঁদের বয়স যথাক্রমে ৫০, ৬৫ ও ৭৫ বছর বয়স। প্রতিষ্ঠানের চিফ মেডিক্যাল অফিসার পি টনডনের উপস্থিতিতে ড. কুমার বলেন, 'কম্পিউটার নেভিগেডেড' এই ধরনের শল্য চিকিৎসা পূর্ব ভারতে এই প্রথম। এর ফলে রোগীদের সুস্থ হওয়ার জন্য সময় ও খরচ দুটোই কম লাগবে। ড. কুমার এই ধরনের শল্য চিকিৎসায় আমেরিকা যুক্তরাষ্ট্র ও অস্ট্রিয়া থেকে অভিজ্ঞতা সঞ্চয় করেছেন বলে জানান।